অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

পত্র সংখ্যা: ০৩.০০.০০০০.০৭৭.০৯.০১৭.২০১৬-২০০ তারিখ: ২২ সেপ্টেম্বর ২০১৬

প্রিয় মহোদয়/কাউন্সিল অফিসার

দশম জাতীয় সংসদের ১২তম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর ৫ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকের প্রশ্ন সমূহের ১টি তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগের প্রশ্ন/প্রশ্ন সমূহের **উত্তর (প্রতিটির ৫টি করে সম্পূরক প্রশ্ন ও উত্তরসহ) আগামি ২৬ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সোমবার বেলা ১২:০০টার মধ্যে** হার্ডকপি ও সফটকপি অবশ্যই **NikoshBAN /Solaimanlipi Font**-এ এবং **চলতি ভাষায়** প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **সফট কপি প্রেরণের সময় প্রেরিত মেইলের বিষয়ে প্রশ্নের উত্তর নম্বর, মন্ত্রণালয়/বিভাগের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**

২। প্রশ্নের উত্তর প্রণয়নের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর নিম্নোক্ত অনুশাসন অনুসরণ করতে হবে:

- **সঠিক তথ্য ও বুলেট পয়েন্ট আকারে হবে;**
- **প্রশ্নের উত্তর সংক্ষিপ্ত হবে;**
- **লম্বা (রচনামূলক) বর্ণনা পরিহার করতে হবে;**
- **কী কী কাজ হচ্ছে তা উল্লেখ করতে হবে।**

Best Regards
**Md. Nurul Alam**
Director-10
&
Council Officer
**Prime Minister's Office**
Tejgaon, Dhaka-1215, Bangladesh

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা

স্মারক নং-২৪.০০.০০০০.১০৯.০৯.০৩৯.১৫- ২৪২ তারিখঃ ২৪-০৯-২০১৬ খ্রিঃ

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর আগামী ২৫-০৯-২০১৬ তারিখ বেলা: ১১.০০ এর মধ্যে (সফট কপি পেইনড্রাইভে/ই-মেইল মারফত) এ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

[ প্রশ্ন ক্রম নং: ৩৯ (০১ পাতা) ]

২৪/৯/২০১৬

(মতিউর রহমান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৫৬০৭
e-mail:motjsos2010@gmail.com

অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বিজেএমসি, মতিঝিল, ঢাকা।
২. মহা-পরিচালক, পাট অধিদপ্তর, করিম চেম্বার, মতিঝিল বা/এ,
৩. নির্বাহী পরিচালক, জেডিপিসি, ঢাকা।
৪. যুগ্মসচিব (পাট) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫. যুগ্মসচিব (পাট-২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭. অফিস কপি।

| ক্রম | প্রশ্নকর্তা ও প্রশ্ন | মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|
| | বর্তমান সরকারের আমলে দেশের সড়ক ব্যবস্থার ব্যাপক উন্নয়ন হয়েছে। এর অংশ হিসেবে উত্তরবঙ্গের মহাসড়কটি ফোর লেনে উন্নীত করার কোন পদক্ষেপ গ্রহণ করা হবে কিনা; হলে উহা কি? | মহাসড়ক বিভাগ |
| ৩৭. | **জনাব এ,কে,এম শাহজাহান কামাল, মাননীয় সংসদ সদস্য (লক্ষীপুর-৩)**<br>রামপাল বিদ্যুৎ কেন্দ্র সুন্দরবনের কোন ক্ষতি করবে কিনা; উত্তর নাঁ-সূচক হলে, ক্ষতি রোধে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে; জনগণ এ বিদ্যুৎ কেন্দ্র থেকে কি উপকৃত হবে? | বিদ্যুৎ বিভাগ। |
| ৩৮. | **বেগম লায়লা আরজুমান বাবু , মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-৮)**<br>দেশের বিদ্যুৎ সমস্যা নিরসনের লক্ষ্যে বর্তমান সরকার রামপাল বিদ্যুৎ কিন্দ্র নির্মাণের পদক্ষেপ গ্রহণ করেছে। এর ফলে একটি গোষ্ঠি এর বিরুদ্ধে নানারকম প্রপাগান্ডা চালাচ্ছে। এ বিষয়ে আপনার সরকারের গৃহিত কার্যক্রম সমূহ কি কি। কবে নাগাদ উক্ত প্রকল্পের কাযর্ক্রম শেষ করা সম্ভব হবে? | বিদ্যুৎ বিভাগ। |
| ৩৯. | **জনাব নূরুল ইসলাম মিলন, মাননীয় সংসদ সদস্য (কুমিল্লা-৮)**<br>স্বাধীনতা পরবর্তী সময়ে দেশের বৈদেশিক মুদ্রা আয়ের শতকরা ৮০ ভাগ আসতো পাট থেকে। এখনও বিশ্ববাজারে চাহিদার প্রায় শতকরা ৯০ ভাগ কাঁচা পাটের যোগান দেয় বাংলাদেশ। বাংলাদেশ বিশ্বের সেরা পাট উৎপাদনকারী দেশ। আন্তর্জাতিক বাজারে পাটজাত পণ্যের শতকরা ৬০ ভাগ বাজার বর্তমানে বাংলাদেশের হাতছাড়া। পাটের ফলন, উৎপাদন, গবেষণাসহ পাট ও পাটজাত পণ্যের বহুমূখীকরণ, মান নিয়ন্ত্রণ ও বাজার সম্প্রসারণ ও উন্নয়নসহ পুরো বিষয়টি অর্থাৎ পুরো পাটখাত বর্তমানে মহাঝুঁকির সন্মুখীন এবং দুর্দশাগ্রস্ত। মাননীয় প্রধানমন্ত্রীর সরকারের আমলে কৃষিক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়েছে। বাংলাদেশ শুধু খাদ্যে স্বয়ংসম্পূর্ন নয়, বাংলাদেশ এখন খাদ্য রপ্তানিকারক দেশে পরিণত হয়েছে। ঐতিহাসিক ৬ দফায় পাটখাতের কথা বলা হয়েছে। জাতির জনক বঙ্গবন্ধু ১৯৭৩ সালে পাট মন্ত্রণালয় স্থাপন করেছিলেন। পাটখাতের বর্তমান দূরবস্থা দূরীকরণে দেশবাসি মনে করে মাননীয় প্রধানমন্ত্রী যাতে এ খাতের ঐতিহ্যকে ফিরিয়ে আনার লক্ষ্যে বিশেষ দৃষ্টি প্রদান করেন। তাহলে পাটখাতের মাধ্যমেই বৈদেশিক মুদ্রা অর্জনে দেশ পুনরায় ঐতিহাসিক রেকর্ড স্থাপন করতে সক্ষম হবে। মাননীয় প্রধানমন্ত্রী পাটখাতকে রক্ষাকল্পে আপনি কি কি পদক্ষেপ গ্রহণ করবেন? | বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| ৪০. | **জনাব আবদুর রহমান বদি, মাননীয় সংসদ সদস্য (কক্সবাজার -৪)**<br>স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে সারা দেশ ব্যাপী কী কী, পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; আমার নির্বাচনী এলাকার জনগণ এর সুফল কতটুকু পাবে? | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ৪১. | **জনাব মো: রেজাউল হক চৌধুরী, মাননীয় সংসদ সদস্য (কুষ্টিয়া-১)**<br>কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় ভারতীয় সীমান্তবর্তী একটি স্থল বন্দর নির্মাণ করার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা; থাকলে, কবে নাগাদ করা হবে। না থাকলে, উদ্যোগ গ্রহণ করা হবে কিনা? | নৌ-পরিবহন মন্ত্রণালয়। |
| ৪২. | **এডভোকেট নাভানা আক্তার, মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-২৭)**<br>সম্প্রতি দেশে বন্যায় নদী ভাঙ্গনের ফলে দেশ ও জনগণের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে; উক্ত ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠার লক্ষ্যে ভাঙ্গন রোধ ও ক্ষতিগ্রস্তদের মধ্যে সরকার কোন সহায়তা প্রদান করেছে কিনা এবং আগামিতে ভাঙ্গন রোধে কোন বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে কিনা; করলে উহা কি? | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৪৩. | **জনাব মোঃ আবুল কালাম, মাননীয় সংসদ সদস্য (নাটোর-১)**<br>আমার নির্বাচনী এলাকা লালপুর উপজেলার পদ্মার চরে অর্থনৈতিক অঞ্চল (ইপিজেড) গড়ার যে মহা উদ্যোগ গ্রহণ করেছেন, তার কাজ কবে নাগাদ শুরু হবে? | পরিচালক-২<br>প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৪৪. | **জনাব কামরুল আশরাফ খান, মাননীয় সংসদ সদস্য (নরসিংদী-২)** | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |

| ক্রম | প্রশ্নকর্তা ও প্রশ্ন | মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|
| | জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা ও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়বার লক্ষ্যে সরকারের পক্ষ হতে এ পর্যন্ত কী কী কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে; এবং এতে জনসাধারণ কিরূপ সুফল লাভ করেছে? | বিভাগ প্রমকা (এ টু আই) |
| ৪৫. | **জনাব এনামুল হক, মাননীয় সংসদ সদস্য (রাজশাহী-৪)** বর্তমানে দেশে প্রচুর পরিমানে ইলিশ মাছ ধরা পড়েছে। যার ফলে দেশের মানুষ এবার ইলিশ মাছ কম দামে যথেষ্ট পরিমানে পেয়েছে; সরকারের কী কী উদ্যোগের ফলে এ সুফল পাওয়া গেছে? আগামিতে যাতে আরও প্রচুর পরিমাণে ইলিশ মাছ পাওয়া যায় সে উদ্যোগ গ্রহণ করা হবে কিনা? | মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় (৪৫,৪৬ প্রায় অনুরূপ প্রশ্ন) |
| ৪৬. | **জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী, মাননীয় সংসদ সদস্য (চট্টগ্রাম-১৪)** বর্তমান সরকার দেশের মৎস্য উৎপাদন বৃদ্ধি ও মা ইলিশ ও জাটকা ইলিশ ধরা রোধ করে মাছ উৎপাদন বৃদ্ধিতে কী কী পদক্ষেপ গ্রহণ করেছে; এবং আগামিতে যাতে আরও বেশী মাছ পাওয়া যায় সে লক্ষ্যে কি কি পদক্ষেপ গ্রহণ করছে? | মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় (৪৫,৪৬ প্রায় অনুরূপ প্রশ্ন) |
| ৪৭. | **জনাব মুহিবুর রহমান মানিক, মাননীয় সংসদ সদস্য (সুনামগঞ্জ-৫)** রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের মতো বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় গুলোকে সরকারি করণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা? | শিক্ষা মন্ত্রণালয় |
| ৪৮. | **জনাব মোহাম্মদ সুবিদ আলী ভুইয়া, মাননীয় সংসদ সদস্য (কুমিল্লা-১)** কুমিল্লা উত্তর সাংগঠনিক জেলাকে প্রশাসনিক জেলা ঘোষণার পরিকল্পনার আছে কিনা? | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৪৯. | **জনাব এম, এ, আউয়াল, মাননীয় সংসদ সদস্য (লক্ষীপুর-১)** সম্প্রতি হজ্জের উদ্দেশ্যে মক্কা শরীফে যাওয়ার লক্ষ্যে দেশের বিভিন্ন স্থান থেকে হাজার হাজার লোক এক শ্রেণির অসাধুচক্র তাদের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়ে হজ্জে না পাঠিয়ে টাকা নিয়ে উধাও হয়েছে এবং বেসরকারি ভাবে হজ্জে পাঠিয়ে তাদেরকে চুক্তি অনুযায়ী সুবিধা না দিয়ে হয়রানির শিকার হয়েছে এর সংগে জড়িতদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা? | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৫০. | **জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল, মাননীয় সংসদ সদস্য (নাটোর-২)** বর্তমান সরকার বিদেশে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ থেকে জনশক্তি রপ্তানির লক্ষ্যে নতুন কোন দেশের সাথে চুক্তি বা লোক প্রেরণের কোন উদ্যোগ গ্রহণ করেছে কিনা; করলে, উহা কি? | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৫১. | **জনাব এস.এম. মোস্তফা রশিদী, মাননীয় সংসদ সদস্য (খুলনা-৪)** মাননীয় প্রধানমন্ত্রী আপনি গত ১৪-৯-১৬ তারিখে ১১ দিনব্যাপী সফরে কানাডার গ্লোবাল ফান্ড সম্মেলনে অংশগ্রহণ করেছেন ও জাতিসংঘের সাধারণ অধিবেশনে অংশগ্রহণ করেছেন; তাতে গোটা দেশবাসী আনন্দিত ও গর্বিত; উক্ত সফরকালে কী কী দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা হয়েছে; এবং বাংলাদেশের অর্জিত কোন কোন বিষয় গুলো বিশ্ব নেত্রীবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেছেন/আলোচিত হয়েছে? | পররাষ্ট্র মন্ত্রণালয় |

---------------------